গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট
শিক্ষা ভবন, ঢাকা

বিষয়: ২০২৩-২০২৪ অর্থবছরে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে নৈতিকতা কমিটির ৪র্থ ত্রৈমাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোছাঃ নূরজাহান খাতুন (অতিরিক্ত সচিব), মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)।
তারিখ : ৩০ এপ্রিল, ২০২৪ খ্রি.
সময় : সকাল ১০.০০টা
স্থান : সভাকক্ষ, সিপিইআইইউএম, শিক্ষা ভবন, ঢাকা।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক' তে সন্নিবেশ করা হলো।

২। সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। সভার আলোচ্যসূচি অনুযায়ী বিগত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করা হয়। এছাড়া ২০২৩-২০২৪ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার কার্যক্রমসমূহ পর্যালোচনা করা হয়। অতঃপর বিস্তারিত আলোচনাপূর্বক নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক নম্বর | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১. | বিগত সভার কার্যবিবরণী পাঠ ও দৃঢ়ীকরণ; | বিগত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কার্যবিবরণীতে কোনোরূপ সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণের বিষয়ে আলোচনা করা হয়। | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪ এর ৩য় ত্রৈমাসিক বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| ২. | শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন। | বিকল্প ফোকাল পয়েন্ট জানান, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪ এর ১.৪ কার্যক্রম অনুযায়ী চলতি অর্থবছরের ৪র্থ ত্রৈমাসিকে প্রশিক্ষণ আয়োজনের কর্মপরিকল্পনা রয়েছে। সে মোতাবেক আগামী মে, ২০২৪ এর প্রথমার্ধে ইউনিটের কর্মকর্তা ও তৃতীয় শ্রেণির কর্মচারীদের জন্য "জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন" সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়। | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪ এর ১.৪ কার্যক্রম অনুযায়ী আগামী মে, ২০২৪ এর প্রথমার্ধে ইউনিটের কর্মকর্তা ও তৃতীয় শ্রেণির কর্মচারীদের জন্য "জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন" সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক (প্রশাসন ও অর্থ) |
| ৩. | ২০২৪-২৫ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন ও অনুমোদন। | ইউনিটের ২০২৪-২৫ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন ও অনুমোদনের বিষয়ে আলোচনা করা হয়। বিকল্প ফোকাল পয়েন্ট জানান, মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রদত্ত ২০২৪-২৫ অর্থবছরের দপ্তর/সংস্থার শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা অনুযায়ী আগামী ৩০ এপ্রিল ২০২৪ তারিখের মধ্যে ইউনিটের শুদ্ধাচার কর্মপরিকল্পনার খসড়া স্ব স্ব নৈতিকতা কমিটির অনুমোদন গ্রহণপূর্বক NIS Online System-এ দাখিলের নির্দেশনা রয়েছে। তৎপরিপ্রেক্ষিতে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিটের ২০২৪-২৫ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার খসড়া প্রস্তুত করা হয়েছে। সভায় প্রস্তুতকৃত কর্মপরিকল্পনাটি পর্যালোচনাপূর্বক করা হয়। | মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশিকা অনুযায়ী ইউনিটের ২০২৪-২৫ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনাটি আগামী ৩০ এপ্রিল ২০২৪ তারিখের মধ্যে NIS Online System-এ দাখিলের সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক (প্রশাসন ও অর্থ) |

৩৭২

| ক্রমিক নম্বর | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ৪. | অধীনস্ত শাখা পরিদর্শনসহ পেন্ডিং/অনিষ্পন্ন/অনিয়মের উপর জবাবদিহিমূলক ব্যবস্থা গ্রহণ। | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪ এর ৩.৪ কার্যক্রম অনুযায়ী প্রতি ত্রৈমাসিকে পরিচালক (প্রশাসন ও অর্থ)/উপপরিচালক (প্রশাসন)/উপপরিচালক (অর্থ ও হিসাব) কর্তৃক অধীনস্ত শাখাসমূহ পরিদর্শন করে পেন্ডিং ও অনিয়ম/অনিষ্পন্ন কাজসহ প্রাপ্ত অনিয়মের উপর জবাবদিহিমূলক ব্যবস্থা গ্রহণের বিষয়ে আলোচনা করা হয়। | প্রতি ত্রৈমাসিকে পরিচালক (প্রশাসন ও অর্থ)/উপপরিচালক (প্রশাসন/অর্থ ও হিসাব) কর্তৃক অধীনস্ত শাখাসমূহ পরিদর্শন করে পেন্ডিং ও অনিয়ম/অনিষ্পন্ন কাজসহ প্রাপ্ত অনিয়মের উপর জবাবদিহিমূলক ব্যবস্থা গ্রহণ নিশ্চিতের সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক (প্রশাসন ও অর্থ)/ উপপরিচালক (প্রশাসন)/ |

৩। সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

৮/৫/২০২৪

মোছাঃ নূরজাহান খাতুন
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)।
ফোন:+৮৮০-২-৪১০৫০৩৮৯
ই-মেইল: cpeimu2011@gmail.com

স্মারক নং-৩৮.২০৫.০০১.০০.০০.০০৮.২০১৩. ৬৩৭/১

তারিখ: ২৬ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
৮ মে ২০২৪ খ্রিষ্টাব্দ

অনুলিপি: কার্যার্থে ও জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। পরিচালক (মনিটরিং-১/২), বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট, ঢাকা।
০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। উপপরিচালক (সকল), ............ ......। এ ইউনিট।
০৪। উপপরিচালক (প্রশাসন), এ ইউনিট। কার্যবিবরণীটি ইউনিটের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ।
০৫। সহকারী পরিচালক (প্রশাসন), বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট।
০৬। হিসাবরক্ষণ অফিসার, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট।
০৭। জনাব/বেগম .........................., বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট।
০৮। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৯। অফিস কপি।

০৮/০৫/২০২৪

মোঃ কামাল হোসেন
পরিচালক, প্রশাসন ও অর্থ
(অতিরিক্ত দায়িত্ব)
ফোন:+৮৮০-২-৪১০৫০৩৯১
ই-মেইল: cpeimu2011@gmail.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
শিক্ষা ভবন, ঢাকা

**বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট-এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ বাস্তবায়নার্থে নৈতিকতা কমিটির ৪র্থ ত্রৈমাসিকের সভার হাজিরা শীট**

সভার তারিখ: ৩০ এপ্রিল ২০২৪, সকাল ১০.০০টা
স্থান : সভা কক্ষ, সিপিইআইএমইউ

| ক্রমিক নং | কর্মকর্তার নাম ও পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | জনাব মোছাঃ নূরজাহান খাতুন<br>মহাপরিচালক (অতিরিক্ত সচিব) | সভাপতি | |
| ২. | জনাব মোঃ আব্দুল হালিম ভূঁঞা<br>উপপরিচালক (প্রশাসন) | সদস্য | |
| ৩. | জনাব মোঃ কামাল হোসেন<br>উপপরিচালক (অর্থ ও হিসাব) | ফোকাল পয়েন্ট | |
| ৪. | জনাব মোঃ জিল্লুর রহমান<br>সহকারী পরিচালক (প্রশাসন) | বিকল্প ফোকাল পয়েন্ট | |
| ৫. | জনাব মোঃ আনোয়ার পারভেজ<br>হিসাবরক্ষণ কর্মকর্তা | সদস্য | |